**2019/TDC/ODD/SEM/BNGL-301 (A/B/C)/265**

**TDC Odd Semester Exam., November—2019**

# BENGALI

( Modern Indian Language )

**( 3rd Semester )**

Course No. : BNGL-301

SATYA RANJAN COLLEGE, KALAIN, CACHAR, ESTD 1993

*পূর্ণমান : ৫০*

*উত্তীর্ণমান : ১৭*

*সময় : ২ ঘণ্টা*

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Arts students will answer from Option—A; Science students will answer from Option—B and Commerce students will answer from Option—C

## OPTION—A

( For Arts Students)

Course No. : BNGL-301 (A)

**( উনিশ শতকের বাংলা সাহিত্য )**

১। 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়? এই গ্রন্থটি বঙ্কিমচন্দ্র কাকে উৎসর্গ করেছেন? ''হাস্যরসিক কমলাকান্তের সর্বোত্তম প্রকাশ 'কমলাকান্তের দপ্তর'-এ।'' এই মন্তব্যের আলোকে 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের হাস্যরসের সম্যক পরিচয় দাও। ১+১+১২=১৪



WWW.SRCOLLEGE.AC.IN

অথবা

২। 'আমার দুর্গোৎসব'-এ বঙ্কিমচন্দ্রের কোন্ মানসিকতার পরিচয় পাওয়া যায়? "পুষ্প আপনার জন্য ফুটে না। পরের জন্য তোমার হৃদয় কুসুমকে প্রস্ফুটিত করিও।" রচনাংশটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? 'বড় বাজার' প্রবন্ধটি অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজ-দৃষ্টির পরিচয় লিপিবদ্ধ করো। ১+১+১২=১৪

৩। 'সোনার তরী' কবিতাটি কত সালে রচিত? 'সোনার তরী' কাব্যটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেছিলেন? 'পরশপাথর' কবিতার ভাববস্তু নিজের ভাষায় পরিস্ফুট করো। ১+১+১২=১৪

অথবা

৪।

"গগনে গরজে ______ বরষা
______ বসে আছি নাহি ভরসা"

( শূন্যস্থান পূর্ণ করো )

'বসুন্ধরা' কবিতায় কবি রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির যে পরিচয় পাওয়া যায় তা তোমার নিজের ভাষায় লিপিবদ্ধ করো। ২+১২=১৪

৫। কোন্ পত্রিকায়, কত সালে কমলাকান্তের আত্মপ্রকাশ ঘটেছিল? 'বসন্তের কোকিল' প্রবন্ধে কাদের বসন্তের কোকিল বলা হয়েছে? 'বসন্তের কোকিল' প্রবন্ধ অবলম্বনে এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ২+২+১০=১৪



WWW.SRCOLLEGE.AC.IN

অথবা

৬। “স্বপ্ন টুটিয়া বাহিরিছে আজ
দুটো পাগল !”

এখানে ‘দুটো পাগল’ বলতে কবি কী বুঝিয়েছেন? ‘ঝুলন’ কবিতার ভাববস্তু নিজের ভাষায় পরিস্ফুট করো। ২+১২=১৪

৭। টীকা লেখো (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) ‘পরশপাথর’ কবিতার খ্যাপা

(খ) নসীরাম বাবু

(গ) ‘সোনার তরী’

(ঘ) প্রসন্ন গোয়ালিনী

(ঙ) ‘একা’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের দার্শনিক উপলব্ধি

WWW.SRCOLLEGE.AC.IN

## OPTION—B

( For Science Students)

Course No. : BNGL-301 (B)

( বিশ শতকের বাংলা সাহিত্য )

১। জীবনানন্দ দাশের 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থটির প্রকাশকাল কত? কে এই গ্রন্থটি প্রকাশ করেন? 'আবার আসিব ফিরে' কবিতায় কোন্ নদীর তীরে কবি আবার ফিরে আসতে চেয়েছেন? কবিতাটি অবলম্বনে কবির নিসর্গপ্রীতির বর্ণনা দাও।

১+১+১+১১=১৪

অথবা

২। "তিনি আমাদের নির্জনতম কবি।" কোন্ কবি সম্পর্কে, কে এই উক্তিটি করেছেন? 'রূপসী বাংলা' কাব্যগ্রন্থে গ্রাম বাংলার প্রতি যে ভালবাসার চিত্র ফুটে উঠেছে তার বর্ণনা দাও।

১+১+১২=১৪

৩। 'বিশ্বপরিচয়' গ্রন্থটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেছেন? এই গ্রন্থটি রবীন্দ্রনাথের কত বছর বয়সের রচনা? 'বিশ্বপরিচয়' গ্রন্থের 'গ্রহলোক' প্রবন্ধের মূল বক্তব্য বিষয় সংক্ষেপে আলোচনা কর। ১+১+১২=১৪

অথবা

৪। 'বিশ্বপরিচয়' গ্রন্থটি কবে প্রকাশিত হয়? এই প্রবন্ধ-গ্রন্থটিতে সর্বমোট কয়টি প্রবন্ধ আছে? 'বিশ্বপরিচয়' গ্রন্থটি অবলম্বনে রবীন্দ্রনাথের বিজ্ঞানচেতনার পরিচয় দাও। ১+১+১২=১৪



WWW.SRCOLLEGE.AC.IN

৫। নিম্নলিখিত বিষয় অবলম্বনে টীকা লেখো (যে কোনো দুটি) : ৫×২=১০

(ক) জীবনানন্দের কবিতায় আবহমান বাংলা

(খ) "ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়"— উক্তিটির তাৎপর্য

(গ) 'নক্ষত্রলোক' প্রবন্ধ অবলম্বনে নক্ষত্রজগতের সংক্ষিপ্ত পরিচয়

(ঘ) 'বিশ্বপরিচয়' প্রবন্ধ-গ্রন্থে সাহিত্য ও বিজ্ঞানচেতনার মেলবন্ধন

৬। নিম্নলিখিত বৈজ্ঞানিক শব্দগুলির বাংলা পরিভাষা লেখো (যে কোনো বারোটি) : ১×১২=১২

Solar energy ; Parasite ; Acid ; Fossil ; Amplifier ; Antibiotic ; Milky way ; Galaxy ; Gravitation ; Light-year ; Sulphur ; Satellite ; Technology ; Physical science ; Photosynthesis.

( Turn Over )

## OPTION—C

( For Commerce Students )

Course No. : BNGL–301 (C)

( বাংলা গদ্য ও ব্যাকরণ )

১। প্রবন্ধ বলতে কী বোঝ? তোমার পঠিত 'বিচিত্র প্রবন্ধ'-এর প্রবন্ধগুলি কোন্ শ্রেণীর অন্তর্ভুক্ত? 'বিচিত্র প্রবন্ধ' গ্রন্থের প্রবন্ধগুলিতে রবীন্দ্রনাথের যে বিশেষ রচনাবৈশিষ্ট্যের পরিচয় ফুটে উঠেছে সে সম্পর্কে আলোচনা করো। ২+১+১১=১৪

অথবা

২। 'পরনিন্দা' প্রবন্ধটি কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়? "পৃথিবীতে নিন্দা দোষীকে সংশোধন করিবার জন্য আছে তাহা নহে, মহত্ত্বকে গৌরব দেওয়া তাহার একটি মস্ত কাজ।" এই উক্তির তাৎপর্য বিচার করে মানবসমাজে পরনিন্দার প্রকৃত ভূমিকা ও উপযোগিতা কী তা বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

৩। "সংস্কৃত সাহিত্যে 'মেঘদূত' তাহার উজ্জ্বল দৃষ্টান্ত। তাহা ধর্মের কথা নহে, কর্মের কথা নহে, পুরাণ নহে, ইতিহাস নহে।" 'মেঘদূত'-এর রচনাকার কে? এটি কোন্ শ্রেণীর রচনা বলে পরিচিত? তোমার পঠিত 'বাজে কথা' প্রবন্ধের মূল প্রতিপাদ্য বিষয়টি বিশদ করো। ১+১+১২=১৪



WWW.SRCOLLEGE.AC.IN

**অথবা**

৪। "যিনি আমাদের শাস্ত্রে আনন্দময়, তিনি সকল দেবতার মধ্যে এমন খাপছাড়া। সেই পাগল দিগম্বরকে আমি আজিকার এই ধৌত নীলাকাশের রৌদ্রপ্লাবনের মধ্যে দেখিতেছি।" এখানে কোন্ দেবতার কথা বলা হয়েছে? 'দিগম্বর' শব্দের অর্থ কী? "পাগল শব্দটি আমাদের কাছে ঘৃণার শব্দ নহে।" 'পাগল' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের এই উক্তির তাৎপর্য নির্ণয় করো।

১+১+১২=১৪

৫। বাণিজ্যিক পত্র রচনা করো (যে কোনো **একটি**) : ১২

(ক) কোনো এক ব্যবসায়িক প্রতিষ্ঠান তার নিজস্ব উৎপাদিত সামগ্রী বাজারে বিক্রির জন্য প্রচার করতে চায়। সে কথা স্মরণে রেখে একটি প্রচারপত্র লেখো।

(খ) তুমি তোমার ব্যবসায়িক প্রতিষ্ঠান সম্প্রসারণের উদ্দেশ্যে যুক্তি দেখিয়ে অতিরিক্ত মূলধনের জন্য ব্যাঙ্কের স্থানীয় শাখার কর্তৃপক্ষের কাছে একটি আবেদনপত্র রচনা করো।

৬। বাংলা পরিভাষা লেখো (যে কোনো **দশটি**) : ১×১০=১০

Rebate ; Customs duty ; Budget ; Invoice ; Allocation ; Treasurer ; Dividend ; Ledger ; Devaluation ; Voucher ; Demonitization ; Hush money ; Free trade ; Liability.

★★★